

তারিখ: 31/08/2017

ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949(এএসিএস)-এর ধারা 35A-র অধীনে বিশেষ নিয়ন্ত্রণবিধি- মারাঠা সহকারি ব্যাঙ্ক লিমিটেড, মুম্বই, মহারাষ্ট্র

রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 35 A-র অধীনে অগস্ট 31, 2016 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে মারাঠা সহকারি ব্যাঙ্ক লিমিটেড, মুম্বই-এর প্রতি 6 মাস মেয়াদের জন্য (অর্থাৎ ফেব্রুয়ারি 28, 2017 পর্যন্ত) বিশেষ নিয়ন্ত্রণবিধি জারি করেছিল, যা ফেব্রুয়ারি 23, 2017 তারিখাঙ্কিত পরবর্তী আদেশবিধির মাধ্যমে পরিমার্জন করা হয়েছিল। উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধি পর্যালোচনার সাপেক্ষে ছয় মাস মেয়াদের জন্য অগস্ট 31, 2017 পর্যন্ত বৈধ।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জনস্বার্থে এইমর্মে সন্তোষ প্রকাশ করেছে যে, মারাঠা সহকারি ব্যাঙ্ক লিমিটেড, মুম্বই-এর প্রতি অগস্ট 31, 2016 তারিখে জারিকৃত এবং ফেব্রুয়ারি 23, 2017 তারিখে পরিমার্জিত আদেশবিধির কার্যকারিতার মেয়াদ বর্ধন করা প্রয়োজনা তদনুসারে, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 35 A-র উপধারা (1) তৎসহ পঠিত ধারা 56-এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এতদ্বারা নির্দেশ দেয় যে মারাঠা সহকারি ব্যাঙ্ক লিমিটেড, মুম্বই-এর প্রতি জারিকৃত অগস্ট 31, 2016 তারিখাঙ্কিত আদেশবিধি, যা সময়ে সময়ে পরিমার্জিত হয়েছে, যেটির বৈধতার মেয়াদ অগস্ট 31, 2017 পর্যন্ত বর্ধন করা হয়েছিল, আরও ছয় মাস মেয়াদের জন্য সেপ্টেম্বর 01, 2017 থেকে ফেব্রুয়ারি 28, 2018 পর্যন্ত পর্যালোচনার সাপেক্ষে অব্যাহতরূপে প্রযোজ্য থাকবে।

আদেশবিধির অন্যান্য সংশ্লিষ্ট বিধি ও শর্তাদি যা সময়ে সময়ে পরিমার্জিত হয়েছে অপরিবর্তিত রইল।

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনি: 2017-2018/594